JESUS REDEEMS MINISTRIES

যুব প্রবণতা

মে ২০২৫

দ্বিধা যথেষ্ট
বিলম্ব যথেষ্ট

দৌড়াও অক্লান্তভাবে

ভূমিকা

আমার প্রিয় তরুণ যোদ্ধারা,

আমাদের প্রভু যীশু খ্রীষ্টের গৌরবময়নামে আপনাদেরকে শুভেচ্ছাজানাই!

আমরা যেন কখনো ভুলে না যাই যে আমরা শেষ সময়ের সন্ধিক্ষণে বাস করছি, এবং ঈশ্বরের রাজ্যের জন্য তীব্র গতিতে ছুটে চলছি। প্রভু আমাদের কাছ থেকে যা আশা করেন তা হল তীব্রতা, উদ্যোগ এবং দ্রুততা। যে কোনও পরিচর্যাই হোক না কেনপ্রভুর রাজ্যেরজন্য, আমাদেরভিতরে অবশ্যই ইচ্ছাএবং আগুন থাকতে হবে। একই সাথে, আমাদের অবশ্যই ক্রমাগত নিজেদের পরীক্ষা করতে হবে-আমাদের উপর অর্পিত কাজটি আমরা কতটা আগ্রহের সাথে করছি?

যদি দুই মাসের মধ্যে কোনো কাজ সম্পন্ন করার কথা থাকলেও,চার মাস লেগে যায় সম্পন্ন হওয়ার জন্য,তাহলে স্পষ্টতই উদ্যোগের অভাব প্রকাশ পায়।

যখন ইস্রায়েলের লোকেরা ব্যাবিলনের বন্দিদশা থেকে মুক্ত হয়ে যেরুশালেমের মন্দির পুনর্নির্মাণের জন্য ফিরে আসে, তখন তারা অত্যন্ত উৎসাহের সাথে ভিত্তি স্থাপন করেছিল। কিন্তু বিরোধিতা দেখা দেওয়ার সাথে সাথে কাজটি স্থগিত হয়ে যায় এবং মন্দির নির্মাণ দীর্ঘ ১৫ বছর ধরে অসমাপ্ত অবস্থায় পড়ে থাকে! এমনকি কেউ কেউ ঈশ্বরের কাজ ত্যাগ করে তাদের নিজস্ব ব্যক্তিগত কাজে মনোনিবেশ করে, প্রভুর ঘরের পরিবর্তে নিজস্ব ঘর তৈরি করে। কিন্তু প্রভুর বাক্য যখন উপস্থিতহয়, তখন লোকেরা আবার উত্তেজিত হয়ে উঠল; তারা নতুন শক্তি নিয়ে উঠে দাঁড়াল এবং সমস্ত প্রতিরোধকে অতিক্রম করে তৎপরতারসাথেএবং দৃঢ়তার সাথে কাজটি সম্পন্ন করেছিল।

অনেকসময় আসে, যখন হতাশা এবং দুর্বলতা আমাদের ঈশ্বরের কাজ থেকে দূরে সরিয়ে নেওয়ার চেষ্টা করে।তবুও,স্বয়ং প্রভুই আমাদের শক্তিশালী এবং প্রতিষ্ঠিত করেন, আমাদের অনুগ্রহ এবং শক্তি প্রদান করেন যাতে আমরা অক্লান্তভাবেদৌড়াতে পারিএবংথেমেনাথেকেতাঁর কাজ সম্পাদন করতে পারি।

কিন্তু কেন আমাদের দ্রুত এগোতে হবে?

কারণ স্বর্গ দ্রুত গতিতে এগিয়ে চলেছে! অতএব,যুবকদের আহ্বান করা হয়েছে তাঁর উদ্দেশ্যের পূরণের জন্য, তোমাদের অবশ্যই প্রতিটি পরিচর্যায় আগ্রহ,উদ্যোগ এবং দ্রুততার সাথে সেবা করার জন্য নিজেদের সম্পূর্ণরূপে উৎসর্গ করতে হবে। আগ্রহ, উদ্যোগ এবং দ্রুততা এই তিনটি গুণাবলী হল ঈশ্বরের প্রতিটি দাসের মধ্যে পাওয়া স্বতন্ত্র লক্ষণ যারা তাঁর মহিমার জন্য মহৎ কাজ সম্পাদন করেছেন।

প্রেরিত পৌল অক্লান্ত ভাবে দৌড়েছিলেন,সুসমাচারের লক্ষ্যে অবিরাম নিরলস উদ্যোগের সাথে এগিয়ে গিয়েছিলেন।
দায়ূদ যুদ্ধের মুখোমুখি হওয়ার জন্য প্রবল দৃঢ়সংকল্প নিয়ে দৌড়েছিলেন।
ইষ্টেরের বার্তাবাহকরা সুসংবাদ বহন করার জন্য ঘোড়া এবং উটে দ্রুতগতিতে চড়েছিলেন।
প্রতিটি পুনর্জাগরণের বীরের আত্মা এমনই ছিল!

ইগনিটার হিসাবে

ঈশ্বরের উদ্দেশ্য পূরণে আপনার প্রবলতাস্পষ্ট হোক।
আপনার উৎসাহকে পুনর্জাগরণের দৃষ্টিভঙ্গি অনুসরণে দৃশ্যমান হতে দিন।
এবং দ্রুততাকে আপনার জীবন এবং পরিচর্যার
পরিচয় হয়ে উঠতে দিন।

দ্বিধা-দ্বন্দ্বের অবসান; যথেষ্ট বিলম্ব! আমাদের পা এখনই ক্লান্তিহীন বার্তাবাহকদের মধ্যে রূপান্তরিত হোক, একা যীশুর মহিমার জন্য বিশ্রাম ছাড়াই ছুটে চলুক!

খ্রিষ্টের মিশনে,
মোহন সি.লাজারাস

খ্রিষ্টধর্ম

তারপর বনাম এখন

হ্যালো প্রিয় ভাই ও বোনেরা,

আমাদের প্রভু ও ত্রাণকর্তা,যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে শুভেচ্ছা! এই মাসে, "খ্রিষ্টধর্ম: তখন এবং এখন"বিষয়ের অধীনে আমরা "ডিজিটাল বাইবেল সংস্কৃতি"নিয়ে আলোচনা করব।

খ্রিষ্টধর্ম তখন: একটা সময় ছিল যখন বিশ্বাসীরা ঈশ্বরের বাক্যের জন্য আকুল হয়ে থাকত, ধর্মগ্রন্থ শোনার এবং বাক্যধরে রাখার জন্য আকুল হয়ে উঠত, কারণ বাইবেলখুবকমপাওয়াযেতো এবং মূল্যবানছিল।

খ্রিষ্টধর্ম এখন: আজকাল, প্রত্যেক ব্যক্তির কাছে একটি বাইবেল থাকে,প্রায়শই একাধিক অনুবাদ থাকে! প্রতিটি স্মার্টফোনে অসংখ্য বাইবেল অনুবাদ এবং অ্যাপ সহজেই পাওয়াযায়, তাই ঈশ্বরের বাক্য আগের চেয়ে অনেক বেশিসহজলভ্য।তবুও,বিদ্রূপাত্মকভাবে, এর শ্রদ্ধা এবং গভীরতা হ্রাস পেয়েছে বলে মনে হচ্ছে। আমি স্পষ্ট করে বলতে চাই - আমি বলছি না যে ডিজিটাল বাইবেল ভুল। তবে, আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে মুদ্রিত বাক্য (হার্ড কপি বাইবেল) পড়ার আরও গভীর তাৎপর্য রয়েছে। আসন্ন আলোচনায়, আমি ডিজিটাল এবং মুদ্রিত বাইবেলের শক্তি এবং ত্রুটিগুলি অন্বেষণ করতে চাই, কেন মুদ্রিত কপি এখনও অমূল্য রয়ে গেছে তা আলোকপাত করতে চাই।

মুদ্রিত বা ইবেল বনাম ডিজিটাল বাইবেলের সুবিধা এবং অসুবিধা

মুদ্রিত বাইবেলের শক্তি (সুবিধা)

- **অবিচ্ছিন্ন পড়ার অভিজ্ঞতা:** ভিন্নডিজিটাল ডিভাইসের মাধ্যমে, একটি মুদ্রিত বাইবেল একটি বিভ্রান্তি-মুক্ত পরিবেশ প্রদান করে, যা গভীর মনোযোগ এবং ধ্যানের সুযোগ করে দেয় ।t
- **ব্যক্তিগত নোট এবং বিশেষবিশ্লেষণ:** আপনি নোট করে রাখতে পারেন, মূল অনুচ্ছেদগুলি আন্ডারলাইন করতেপারেন এবং অতীতের অন্তর্দৃষ্টিগুলি পুনর্বিবেচনা করতেপারবেন ।আপনার বাইবেল অধ্যয়নকে আরও ব্যক্তিগত এবং প্রতিফলিত করে তুলতে পারবেন।
- **শক্তিশালী স্মৃতিশক্তি:** যত তুমি যখন আপনি পৃষ্ঠাগুলি উল্টান এবং দৃশ্যত পদগুলি খুঁজে পান, তখন আপনার মন স্বাভাবিকভাবেই মূল ধর্মগ্রন্থেরপদগুলি মনে রাখে, যা মনে রাখা সহজ করে তোলে।

মুদ্রিত বাইবেলের সীমাবদ্ধতা(অসুবিধা)

- **পাবলিক স্পেসে কম সুবিধাজনক:** মুদ্রিত বাইবেলে দ্রুত কোনও পদ খুঁজে বের করা স্মার্টফোন ব্যবহারের চেয়ে কম সুবিধাজনক।
- **সঙ্গে সঙ্গে অনুসন্ধা নকরা যায়না** - নির্দিষ্ট পদ খুঁজেপেতে বা বিষয়বস্তু ধারাবাহিক ভাবে অনুধাবন করতে সুচী ব্যবহারকরারপ্রয়োজনহয়।
- **পাশাপাশি সীমিতউ ল্লেখ-** পাশাপাশি অনুবাদ, অন্তর্নিহিতবিশ্লেষণ, বা নিজের তৈরি করা প্রসঙ্গ গুলি সহজে উপলব্ধ হয়না।
- **ক্ষয়ও ছিঁড়ে যাওয়ার সম্ভাবনা:** মুদ্রিত বাইবেলগুলি ঘন ঘন ব্যবহারের কারণে, জল পড়েযাওয়ায়, অথবা প্রাকৃতিক ক্ষয়ক্ষতির কারণে সময়ের সাথে সাথে ক্ষতিগ্রস্ত হতে পারে।

ডিজিটাল বাইবেলের শক্তি (সুবিধা)

- **যেকোনো জায়গায়দ্রুতউপলব্ধ:** একটি ডিজিটাল বাইবেলের সাহায্যে, আপনি আপনার ডিভাইসে কেবল একটি চাপ দিয়ে যেকোনো সময়, যেকোনো জায়গায় ধর্মগ্রন্থ উপলব্ধ করতে পারবেন।
- **আপনার নখদর্পণে একাধিক অনুবাদ:**

আপনি তাৎক্ষণিকভাবে বিভিন্ন বাইবেল অনুবাদের তুলনা করতে পারেন, যা শাস্ত্র সম্পর্কে আপনার জ্ঞানকে আরও গভীর করে তুলবে।

ডিজিটালবাইবেলেরসীমাবদ্ধতা(অসুবিধা)

- **সীমিত ব্যক্তিগতকরণ:** একটি স্পর্শনিয়বাইবেলের মতো, ডিজিটাল সংস্করণগুলি ব্যক্তিগত নোট এবং লক্ষ্যনিয়জায়গাগুলিকে,অর্থপূর্ণউপায়ে লেখার একই ক্ষমতা প্রদান করে না।
- **সম্ভাব্য বিভ্রান্তি:**মোবাইল ডিভাইসে বিজ্ঞাপন এবং কোনোব্যক্তির কল আপনার অধ্যয়নে ব্যাঘাত ঘটাতে পারে, যার ফলে বাইবেল অধ্যয়নেরসময় মনোযোগ স্থিররাখা কঠিন হয়ে পড়ে।

অনেক মিশনারি এবং অগ্রগামী তাদের জীবন উৎসর্গ করেছিলেন যাতে পবিত্র বাইবেল মুদ্রিত হয়ে আমাদের হাতে তুলে দেওয়াযায়।প্রাচীন পুস্তকগুলি থেকে এটি কঠোর পরিশ্রমের সাথে অনুবাদ এবং সংরক্ষণ করা হয়েছিল, যার ফলে আজ আমাদের কাছে এটি সহজলভ্য হয়েছে ।তবুও, এমন কিছু দেশ আছে যেখানে বাইবেল স্বাধীনভাবেপড়া বা নিজস্বকরা যায় না। এমনকি এখনও, অসংখ্য ভাষা ঈশ্বরের বাক্যের অনুবাদিত সংস্করণ ছাড়াই রয়ে গেছে।

কিন্তু তাঁর ঐশ্বরিক কৃপায়, প্রভু আমাদের নিজস্ব ভাষায় ধর্মগ্রন্থ পড়ার সৌভাগ্য দিয়েছেন ।ডিজিটাল বাইবেল পাশাপাশি বিভিন্ন প্রসঙ্গ উল্লেখের জন্য কার্যকর হলেও, ব্যক্তিগত ভক্তির জন্য মুদ্রিত বাইবেল ব্যবহার করার অভ্যাস করুন ঈশ্বরের বাক্য হাতে ধরে রাখা, এর সত্যের উপর ধ্যান করা এবং এটিকে আপনার হৃদয়কে গঠন করতে দেওয়ার মধ্যে কিছু গভীরতা রয়েছে। ঈশ্বরের বাক্যকে সম্মান করুন,তিনি আপনাকে সম্মান করবেন।

"কারণ তুমি তোমার সমস্ত নামের উপরে তোমার বাক্যকে মহিমান্বিত করেছ।" (গীতসংহিতা ১৩৮:২)

আত্মবিশ্বাসের সাথে বেড়েউঠুন

রোমান ক্যাথলিক পরিবারের একমাত্র কন্যা হিসেবে জন্মগ্রহণ করেন, তিনি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন করেছিলেন কিন্তু সরকারি চাকরির জন্য সংগ্রাম করার সময় অসংখ্য প্রত্যাখ্যান এবং নিরুৎসাহজনক কথা সহ্য করেছিলেন। তবুও, তিনি যীশুর বাক্যকে দৃঢ়ভাবে ধরে রেখেছিলেন, অবিশ্বাস কখনো তার বিশ্বাসকে নড়তেদেয়নি। অটল দৃঢ়সংকল্প এবং অধ্যবসায়ের সাথে, তিনি তার স্বপ্ন পূরণ করেছিলেন এবং আজ তিনি একজন সরকারি কর্মকর্তা হিসেবে কাজ করছেন।

আপনার পরিবার এবং প্রারম্ভিকজীবন সম্পর্কে আমাদের বলবেন?

আমার নাম মারিয়া ইষ্টের বেবি। আমার জন্ম ওবেড়ে ওঠা থুথুকুডি জেলার কোভিলপট্টিতে। সেখানেই আমার স্কুল এবং কলেজ শিক্ষা শেষ হয়। আমি একজন ধর্মনিষ্ঠপ্রাণ রোমান ক্যাথলিক পরিবার থেকে এসেছি এবং প্রজন্ম থেকে প্রজন্মান্তরে চলে আসা প্রতিটি ঐতিহ্য মেনে গভীর ধর্মীয়মূল্যবোধের সাথে বেড়ে উঠেছি। আমার বাবা-মায়ের একমাত্র কন্যা হওয়ায়, আমাকে খুব যত্ন এবং ভালোবাসা দিয়ে লালন-পালন করা হয়েছিল।ছোটবেলা থেকেই আমি পড়াশোনায় অসাধারণ ছিলাম। আমি ২০১২ সালে আমার ইঞ্জিনিয়ারিং ডিগ্রি সম্পন্ন করি এবং পরে একটি সরকারি চাকরি করাশুরুকরি।

ঠিক আছে... তাহলে, তুমি সরকারি চাকরি পাওয়ার চেষ্টা করেছিলে। তুমি কি সফল হয়েছো?

পারিবারিক পরিস্থিতি এবং ব্যক্তিগত সংগ্রামের কারণে, আমি সরকারি চাকরির জন্য আমার প্রচেষ্টা চালিয়ে যেতে পারিনি। তবে,২০২০র, ১লাজানুয়ারীতে আমি রক্ষা পেয়েছিলাম, এবং সেই মুহূর্ত থেকে, আমার আধ্যাত্মিক যাত্রাশুরু হয়। আমি আরও আন্তরিকভাবেযীশুকে খুঁজতে শুরু করি।বিভিন্ন চ্যালেঞ্জের মধ্যে, প্রভু আবার আমার সাথে কথা বললেন, সরকারি পরীক্ষার জন্য আমার প্রস্তুতি পুনরায় শুরু করতে উৎসাহিত করলেন। যদিও আমার কোনও প্রভাবশালী পটভূমি বা বাহ্যিক সমর্থন ছিল না, তবুও আমি তাঁর উপর আমার সম্পূর্ণ আস্থা রেখেছিলাম এবং বিশ্বাসে এগিয়ে গিয়েছিলাম।আমার চারপাশের লোকদের নিরুৎসাহিত কথা সত্ত্বেও, আমি ২০২২ সালে TNPSC পরীক্ষার জন্য প্রস্তুতি শুরু করি।

পড়াশোনা শুরুর মাত্র এক মাস পর, আমার ডান চোখেরদৃষ্টিশক্তিধীরে ধীরে হ্রাস পেতে শুরু করে। কারণ নির্ণয় করার আগেই,এক সপ্তাহের মধ্যে আমার ৭৫%
দৃষ্টিশক্তিহারিয়েযায়।একাধিক মেডিকেল পরীক্ষা করা হয়েছিল, কিন্তু কেউই আমার অবস্থার কারণ প্রকাশ করতেপারেনি। প্রতিটি রিপোর্টই 'স্বাভাবিক' বলে ফিরে এসেছিল। ডাক্তাররা ভাইরাল সংক্রমণের সন্দেহ করেছিলেন এবং সতর্ক করেছিলেন চিকিৎসায় আরও

দেরীহলে সম্পূর্ণ অন্ধত্ব অবস্থা হতে পারে। তবে, তারা এটাও স্পষ্ট করে দিয়েছিলেন যে আমার দৃষ্টিশক্তি ফিরে পাওয়ার কোনও নিশ্চয়তা নেই এবং চিকিৎসারনিজস্বসম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া রয়েছে।

অনিশ্চয়তা সত্ত্বেও, আমার চিকিৎসা করা হয়েছিল।টানা তিন দিন ধরে আমাকে শিরায় ড্রিপ দেওয়া হয়েছিল, তারপরে পরবর্তী ৪০ দিন ধরে দিনে তিনবারকরে ওষুধের ডোজ কঠোর নিয়ম অনুসরণ করা হয়েছিল। ইতিমধ্যে, পরীক্ষার তারিখ দ্রুত এগিয়ে আসছিল। ওষুধের পার্শ্বপ্রতিক্রিয়া আমাকে সম্পূর্ণরূপে ক্লান্ত করে তুলেছিল; ক্লান্তিতে আমি দাঁড়াতেও দুর্বল বোধ করছিলাম।

ওহনা... তুমি সরকারি চাকরি করতে বেরিয়েছিলে, কিন্তু দুর্বলতা তোমাকে গ্রাস করেছিল। তুমি কীভাবে তা সহ্য করলে?

মোহন দাদাপ্রায়শই বলতেন, "চিকিৎসা পেশা দাররা প্রায়শই যা নয় তা এমনভাবেবলেনযেন তা সত্য, তবে সমস্ত চিকিৎসকের উপরে একজন চিকিৎসক আছেন – যীশু, "চলো প্রার্থনা করি"সভাতে আমি জেনেছিলাম। তাঁর কথায় অনুপ্রাণিত হয়ে, আমি প্রতিদিন আমার মাথায় হাত রেখে প্রার্থনা করতে লাগলাম,"প্রভু, তোমার শক্তি আমাকে ধরে রাখুক।"

আমি যখন অবিরাম প্রার্থনা করছিলাম, তখন প্রভু আমার সাথে কথা বললেন:"আমি তোমার চিরন্তন আলো হব" এবং "আমার শক্তি দুর্বলতায় পূর্ণতা লাভ করে।" তাঁর কথাগুলি আমাকে দিন দিন শক্তিশালী করে তুলেছিল। সেই ঐশ্বরিক শক্তিতেনির্ভরকরে, আমি আবার আমার পড়াশোনা শুরু করি। যখন আমি প্রাথমিক পরীক্ষা দিয়েছিলাম, তখন আমাকে আমার ডান চোখ হাত দিয়েঢেকে রাখতে হয়েছিল এবং পড়তেও লিখতে কেবল বাম চোখের উপর নির্ভর করতে হয়েছিল। আমার জয়ের কোনও নিশ্চয়তা ছিল না, কিন্তু ঈশ্বর, তাঁর করুণায়, আমাকে প্রথম ধাপটি পাশ করতে সক্ষম করেছিলেন।

একদিকে ছিল আমার দুর্বলতা; অন্যদিকে ছিল তাঁর অটল বাক্য - আমি তাঁর প্রতিশ্রুতি ধরে চলতে বেছে নিয়েছিলাম। প্রতিদিন, আমি প্রশংসার বলিদান নিবেদন করতাম। মূল পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়ার সময়, আমার স্বাস্থ্যের উল্লেখ যোগ্য অবনতি ঘটে।

ঠিক তখনই আমি অ্যাচিভার্স ২০২৩-এ যোগ দিই, যেখানে একজন ছাত্রী বর্ণনা করে যে ঈশ্বর কীভাবে তার দুর্বলতাকে সাক্ষ্যে রূপান্তরিত করেছিলেন। তার ঘটনা আমার বিশ্বাসকে আন্দোলিতকরে, এবং আমি প্রভুর কাছে চিৎকার করে বলি,"আমার দুর্বলতাকে সাক্ষ্যে পরিণত করো ঠিক যেমন তুমি তার জন্য করেছ।" অটল বিশ্বাসের সাথে, আমি প্রতিদিন তাঁর সামনে আমার হৃদয় উজাড় করে দিতাম, এই বিশ্বাসে যে তিনি অসম্ভবকে সম্ভব করবেন।

অসাধারণ... তুমি প্রার্থনা করেছিলে। কিন্তু তুমি কি তোমার বিশ্বাস পূর্ণ প্রার্থনার উত্তর পেয়েছ?

হ্যাঁ! কয়েকদিন পর, আমার দৃষ্টি আরও স্পষ্ট হয়ে উঠল। আমি আমার চোখে এক অস্বাভাবিক উজ্জ্বলতা অনুভব করলাম, যা আমি আগে কখনও অনুভব করিনি। সেই নতুন শক্তি নিয়ে, আমি আবার পড়াশোনা শুরু করলাম এবং আমার মূল পরীক্ষায় অংশ নিলাম। ফলাফল ২০২৪ সালের জানুয়ারিতে ঘোষণা করা হয়। আমার সামগ্রিক র‍্যাঙ্ক ছিল ৩৩০৩, এবং বিসি কমিউনিটির মধ্যে, আমি ১৮১৬ নম্বরে র‍্যাঙ্ক করেছি। আমার আশেপাশের লোকেরা বলত যে এই র‍্যাঙ্কের চাকরি পাওয়া অত্যন্ত কঠিন হবে।

কিন্তু আমি প্রভুর কাছে প্রার্থনা করলাম,"প্রভু, তুমিই আমাকে সমস্ত কষ্টের মধ্যেও পড়াশোনা করতে সক্ষম করেছো।এই শেষ মুহূর্তটিও আমি তোমার হাতে সমর্পণ করছি"। একমাত্র জিনিস যা আমি ধরে রেখেছিলাম তা হল আমার বিশ্বাস - আমি এটিকে দমে যেতে দিতে অস্বীকৃতি করি।

যখন আমি আন্তরিকভাবে প্রার্থনা করছিলাম, প্রভু আমাকে যাবেষের অটল বিশ্বাসের কথা মনে করিয়ে দিলেন।সেই স্মরণ আমাকে নতুন শক্তিতে ভরিয়ে দিল।

আমি যতই নিরুৎসাহিতকারী কথা শুনতামনা কেন, আমি হতাশ হতাম না।আমি বিশ্বাসের সাথে প্রার্থনা করলাম, সন্দেহ বা উদ্বেগের চিহ্ন ছাড়াই।

২৪শে মে, ২০২৪ তারিখে, যখন আমি আমার কাউন্সেলিং সেশনে প্রবেশ করলাম, তখন কেউ একজন আমাকে বলল,"এটা পাওয়ার সম্ভাবনা তোমার খুব কম।" কিন্তু ভেতরে ভেতরে আমি একটা সত্য ধরে রেখেছিলাম-যীশু আমাকে এতদূর নিয়েএসেছেন তিনি শেষ ধাপেএসে আমাকে ছেড়ে যাবেন না। আমি বিশ্বাসের সাথে ভেতরে প্রবেশ করলাম, এবং প্রভু অলৌকিকভাবে আমাকে একটি আসন দিলেন। ঠিক সেই মুহূর্তে, আমি আমার নিয়োগ পত্র হাতে পেলাম।

আমি ব্যক্ততার বাইরে অভিভূত হয়ে গেলাম। আনন্দের অশ্রুতে আমার চোখ ভরে উঠল। ঠিক সেখানে, সেই জায়গায়, আমি কেবল বলতে পারলাম "যীশু, ধন্যবাদ!" আর কিছুই গুরুত্বপূর্ণ ছিল না।আর কিছুই বলা সম্ভব ছিল না।

তুমি আরোগ্যের জন্য প্রার্থনা করেছিলে, কিন্তু তুমি চাকরিও পেয়েছ! তুমি কি এই চাকরির আশা করেছিলে?

১লা জানুয়ারী, ২০২০ তারিখে, প্রভু আমাদের একটি প্রতিশ্রুতিদিয়েছিলেন:

"আমি তোমাদের দ্বিগুণ অংশ দিয়ে আশীর্বাদ করব।" সেই সময়, আমাদের কোন ধারণা ছিল না যে তিনি কীভাবে এটি পূরণ করবেন। কিন্তু এখন, ২০২৪ সালে, তিনি আমাকে একটি চাকরি দিয়েছেন।কর্মক্ষেত্র নির্বাচনের সময়, আমি কেবল প্রার্থনা করেছিলাম, "প্রভু, আমি কীভাবে কথা বলতেহবে জানি না; আপনি আমার জন্য জায়গাটি বেছে নিন।" আমার মনে একটা জায়গা ছিল, কিন্তু যখন আমি সেখানে দাঁড়িয়েছিলাম, তখন আমি সম্পূর্ণ ভিন্ন কিছু বলেছিলাম। প্রভু, তাঁর ঐশ্বরিক জ্ঞানে, আমাকে অপ্রত্যাশিতভাবে পরিচালিত করেছিলেন এবং আমাকে চিকিৎসা ও গ্রামীণ স্বাস্থ্য বিভাগে নিয়োগ করেছিলেন। আজ, আমি তিরুচিরা পল্লিতে কাজ করছি। যারা একসময় আমাকে উপহাস করত, বলত যে আমি কখনও কিছুই অর্জন করতে পারব না, তারা এখন আমার দিকে তাকিয়ে বলে,"ইষ্টের, তুমি সফল হয়েছ! "প্রভু তাঁর গৌরবের জন্য আমার পরিস্থিতি সম্পূর্ণরূপে বদলে দিয়েছেন!

আপনার বিবাহ এবং পারিবারিক জীবন সম্পর্কে আমাদের বলতে পারেন?

২০১৩ সালে আমার বিয়েহ য়মিঃ ইউজিনের সাথে, যিনি তখন ভারতীয় সেনাবাহিনীতে কর্মরত ছিলেন।২০১৯ সালে, তিনি স্বেচ্ছায় অবসর গ্রহণের সিদ্ধান্ত নেন এবং সরকারি চাকরি খুঁজতে শুরু করেন। তবে, প্রতিটি প্রচেষ্টাই হতাশায় শেষ হতো। সেই অন্ধকার ও হতাশাজনক দিনগুলিতে, আমি সবাই ঘুমিয়ে পড়া পর্যন্ত অপেক্ষা করতাম, তারপর প্রভুর পায়ের কাছে বসে কাঁদতাম এবং প্রার্থনা করতাম।

তাঁর বাক্য অনুসারে – "তোমার পিতা যিনি গোপনে দেখেন, তিনি তোমাকে প্রকাশ্যে পুরস্কৃত করবেন"- প্রভু এমনভাবে উত্তর দিলেন যা সকলকে বিস্মিত করে দিল! কোনও কঠোর আনুষ্ঠানিকতা ছাড়াই, আমার স্বামীকে রিলায়েন্সরিটেইল লিমিটেড, একটি বহুজাতিক কোম্পানিতে ম্যানেজার হিসেবে নিযুক্ত করা হয়ে ছিল। আজ, ঈশ্বর তাকে সেই পদে উন্নীত করেছেন। প্রভু আমাদের একটি সুন্দর কন্যা দিয়ে আশীর্বাদ করেছেন যে বর্তমানে চতুর্থ শ্রেণীতে পড়ছে।

তোমার সাফল্যের পেছনের কারণগুলো কি তুমি বলতে পারো?

*প্রভুর প্রতি আমার অটল বিশ্বাস।

* ঈশ্বরের সাথে এক শিশুসুলভ বন্ধুত্ব, যেখানে আমি তাঁকে বলতাম যেন তিনি আমাকে শিক্ষা দেন, ধরে রাখেন, এমনকি একজন শিক্ষকের মতো আমার "কাগজপত্র" সংশোধন করেন।

*প্রতিটি পরীক্ষার সময় প্রার্থনা হেল্পলাইন ২৪/৭ ভাইবোনদের কাছ থেকে প্রার্থনা সহায়তা নিতাম।

* অ্যাচিভার্স মিটিংয়ে দেওয়া প্রার্থনা কার্ড দিয়ে প্রতিদিন প্রার্থনা করতাম।

*সর্বোপরি, আমি সবকিছু সম্পূর্ণ রূপে তাঁর হাতে সমর্পণ করেছিলাম। যেদিন থেকে আমি পড়াশোনা শুরু করেছি, সেই দিন থেকে আমার চাকরি বেছে নেওয়ার মুহূর্ত পর্যন্ত, আমি কখনও আমার নিজের ইচ্ছার উপর জোর দিইনি। বরং, আমি আমার ভবিষ্যৎ তাঁর পায়েসঁ পেদিয়ে বলেছিলাম, "প্রভু, তুমিই আমাকে এই পথে পরিচালিত করেছ। তুমিই জানো আমার জন্য কোনটা সবচেয়ে ভালো।নিয়ন্ত্রণ করো।"

বাহ! প্রভু আপনার হৃদয়েরগভীরতম ইচ্ছা পূরণ করেছেন এবং আপনাকে সম্মানিত করেছেন। পরিকল্পনা অনুযায়ী কিছু না ঘটলে যারা হতাশ বোধ করেন, তাদের জন্য আপনার কি কোন পরামর্শ আছে?

প্রথমত,যীশুকে পূর্ণ হৃদয়ে বিশ্বাস করুন।অন্যেরা যাই বলুক না কেন, তাঁর বাক্যকে শক্ত করে ধরে রাখুন। প্রতিদিন বাইবেল পড়ুন,আন্তরিকভাবে প্রার্থনা করুন এবং ঈশ্বরকে আপনার সাথে কথা বলার জন্য জায়গা করে দিন।তাঁকে আপনার জীবনে প্রথম স্থান দিন, এবং আপনি তাঁকে এমন একটি পথ তৈরি করতে দেখবেন যেখানে কোনও পথ নেই বলে মনে হয়!

প্রিয় তরুণ পাঠকগণ!সিস্টার মারিয়া ইস্টের বেবিরযী-শুর প্রতি অবিচল শিশুর মতো বিশ্বাস ছিল।তিনি প্রার্থনা করেছিলেন, বিশ্বাস করেছিলেন এবং ধৈর্য ধরে তাঁর উপর অপেক্ষা করেছিলেন।কিন্তু তার বিশ্বাসের সাথে সাথে তিনি কঠোর পরিশ্রমও করেছিলেন। এবং আজ, প্রভু তাকে একজন সরকারি কর্মকর্তা হিসেবে তুলে ধরেছেন! তোমরাও যীশুকে পূর্ণ হৃদয়ে বিশ্বাস করতে পারো। যদি তোমরা তা করো,তাহলে তিনি তোমাদের মিশরে যোষেফের মতো বড় করবেন এবং বাবিলে দানিয়েল, তিনি জাতিদের মধ্যে তোমাকে উচ্চে স্থাপন করবেন!

খ্রীষ্টের সাহসী শিষ্যরা !

এই মাসে, খ্রীষ্টের পক্ষে অবিচল থাকা শিষ্যদের মধ্যে, এইবারের সিরিজের অংশ হিসেবে, আমরা প্রেরিত পিতরের জীবনের উপর আলোকপাত করছি।

পিতর

অবিচলতা হল অস্বীকারের বিপরীত। তবুও, এই প্রেরিতও আমাদের মতোই, একবার মানুষকে ভয়পেয়েছিলেন এবং তিনবার খ্রীষ্টকে অস্বীকার করেছিলেন। যদিও পিতরের সাহস ছিল যীশুকে অনুসরণ করে মহাযাজকের সামনে যাওয়ার, তবুও তার দৃঢ়ভাবে দাঁড়ানোর শক্তি ছিল না। প্রথমত, যখন একজন দাসী তার মুখোমুখি হয়, তখন তিনি বলেন,"তুমি কী বলছ তা আমি জানি না।" (মথি ২৬:৬৯-৭০)।

দ্বিতীয়বার, যখন অন্য একজন মহিলা তাকে চিনতে পেরে দাবি করলেন যে তিনি যীশুর সাথে ছিলেন, তখন তিনি আবার তা অস্বীকার করে বললেন, "আমি ঐ লোকটিকে চিনি না।"(মথি ২৬:৭১-৭২)। এবং তৃতীয়বারেরমতো, তিনি তার অস্বীকারের পুনরাবৃত্তি করলেন।

কিন্তু যখন মোরগ ডেকে উঠল, তখন পিতরের যীশুর বলা কথাগুলো মনে পড়ল।দুঃখে কাতর হয়ে তিনি বাইরে গিয়ে অঝোরে কাঁদতে লাগলেন (মথি২৬:৭৩-৭৫)। গভীর অনুতাপের এই মুহূর্তটি তার জীবনের এক মোড়ঘুরিয়েদিয়েছিল।

একইভাবে, যখনই আমরা নিজেদের এমন পরিস্থিতিতে পাই যেখানে আমাদের কর্মকাণ্ড খ্রীষ্টকে অস্বীকার করে এমনভাবে জীবনযাপন করিযেন আমরা তাঁকে চিনি না, তখন আমাদের প্রথম পদক্ষেপ হওয়া উচিত অনুশোচিত হৃদয়ে অনুতপ্ত হওয়া এবং প্রার্থনায় তাঁকে খোঁজা।

শেষ সময় পর্যন্ত খ্রীষ্টের সাক্ষী হিসেবে দৃঢ়ভাবে দাঁড়াতে হলে, পবিত্র আত্মায় পূর্ণ হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ (প্রেরিত ১:৮))।পবিত্র আত্মায় পূর্ণ হওয়ার পর,পিতর খ্রীষ্টের পক্ষে সাক্ষ্য দেওয়ার ক্ষেত্রে সাহসী এবং অটল হয়ে ওঠেন।

এই প্রেরিত, যিনি একসময় আমাদের মতো দুর্বল এবং ভীত ছিলেন, পবিত্র আত্মার শক্তিতে রূপান্তরিত হয়েছিলেন।তিনি শেষ অবধি খ্রীষ্টের পক্ষে দৃঢ়ভাবে দাঁড়িয়ে ছিলেন, এমনকি ক্রুশবিদ্ধ হওয়ার সময়– নিজেকে নত করে উল্টো ভাবে ক্রুশবিদ্ধ হয়েছিলেন।

আমরা যদি আমাদের জীবনে খ্রীষ্টের পক্ষে দৃঢ়ভাবেদাঁড়াতে চাই, তাহলে আমাদের অবশ্যই পবিত্র আত্মায় পূর্ণ হতে চেষ্টা করতে হবে।আসুন আমরা তাঁর শক্তির জন্য তৃষ্ণার্ত হই এবং তাঁর পূর্ণতার জন্য আন্তরিকভাবে প্রার্থনা করি। এই শেষকালে, আমরা যেন প্রতিটি পরিস্থিতিতে অবিচল থাকি, খ্রীষ্টকে অস্বীকার না করি, বরং আমাদের জীবনের মাধ্যমে তাঁকে মহিমান্বিত করি, ঠিক যেমন প্রেরিত পিতর করেছিলেন। আমেন!

হৃদস্পন্দন,



প্রিয়দাদা, আমি সবেমাত্র দশম শ্রেণীর বোর্ড পরীক্ষা শেষ করেছি। আমি ব্যতিক্রমী মেধাবী ছাত্রী নই, তবে আমি শিক্ষাক্ষেত্রে মাঝারি মানের ভালো ফলাফল করি।আমার সবচেয়ে বড় ইচ্ছা হল কম্পিউটার বিজ্ঞান বিভাগে পড়াশোনা করা, কারণ আমি ভবিষ্যতে একজন সফটওয়্যারডেভেলপার হতে চাই। তবে, আমারআন্তর পরীক্ষার ফলাফলের ভিত্তিতে, আমার শিক্ষিকা দৃঢ়ভাবে বলেছেন যে আমার মতো গড় বা অল্পনাম্বারে পাশ প্রাপ্ত শিক্ষার্থীদের কম্পিউটার বিজ্ঞান বেছে নেওয়ার সুযোগ দেওয়া হবে না। তিনি জোর দিয়ে বলেন যে কেবল উচ্চ স্কোর প্রাপ্ত শিক্ষার্থীরা এই বিষয়ের জন্য যোগ্য। পরিবর্তে, তিনি আমাকে বাণিজ্য বা ইতিহাস বেছে নেওয়ার পরামর্শ দেন, কিন্তু এই ক্ষেত্রগুলিতে আমার কোনও আগ্রহ নেই। এটি আমাকে গভীরভাবে চিন্তায় ফেলেছে– আমি কীভাবে আমার স্বপ্নপূরণ করব, যদি আমাকে এমন একটি বিষয়ে অন্তর্ভুক্ত হতেহয় যা আমার আকাঙ্ক্ষার সাথে সঙ্গতিপূর্ণ নয়? আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে আমি আমার বোর্ড পরীক্ষায় ভালো ফলাফল করতে পারব এবং আমি নিজেকে প্রমাণ করার জন্য দৃঢ়প্রতিজ্ঞ। কিন্তু এটা কি ধরে নেওয়া ন্যায্য যে গড় নম্বর প্রাপ্ত শিক্ষার্থীদের স্বপ্ন বা উচ্চাকাঙ্ক্ষা থাকতে নেই? আমাদের কি সত্যিকার অর্থে যা চাই তা অর্জন করার সুযোগ দেওয়া উচিত নয়? কোন স্ট্রিম বেছে নেওয়া কি এগিয়ে যাওয়ার একমাত্র উপায়,নাকি আমার লক্ষ্যে পৌঁছানোর জন্য কোন বিকল্প পথ আছে? - **শাইনি, চেন্নাই**

প্রিয়বোনশাইনি, ভবিষ্যৎ নিয়ে তোমার উদ্বেগ এবং অনিশ্চয়তা আমি বুঝতে পারছি, কিন্তু আমি তোমাকে আশ্বস্ত করতে চাই যে তোমার স্বপ্নগুলো তোমার নাগালের বাইরে নয়। এটা সত্যিই প্রশংসনীয় যে, এই পর্যায়ে যখন অনেকেই স্নাতক ডিগ্রি অর্জনের পরেও অনিশ্চিত থাকে, তখন তোমার ভবিষ্যতের জন্য এত স্পষ্ট দৃষ্টিভঙ্গি রয়েছে। যদি তুমি দৃঢ়প্রতিজ্ঞ হও এবং প্রয়োজনীয় প্রচেষ্টা গুলিকরো, তাহলে নিঃসন্দেহে তুমি কম্পিউটার বিজ্ঞানে তোমার পড়াশোনা শেষ করবে এবং একজন সফল সফটওয়্যার ডেভেলপার হিসেবে সাফল্যপাবে।এতে সন্দেহ করার কোন কারণ নেই।

তোমার শিক্ষকের কথাগুলো তোমাকে নিরুৎসাহিত করার জন্য নয় বরং বাস্তবতা দেখতে সাহায্য করার জন্য ছিল - এই পথের জন্য মনোযোগ, নিষ্ঠা এবং সঠিক নম্বর প্রয়োজন।সম্ভবত তাদের পরামর্শটি উদ্বেগের জায়গা থেকে এসেছে, যাতে তোমার পড়াশোনা বোঝা হয়ে না ওঠে। ভুল বোঝাবুঝির পরিবর্তে, এটিকে আরও কঠোর পরিশ্রম করার উৎসাহ হিসেবে গ্রহণ করো।

নিজের উপর বিশ্বাস রাখো,
অধ্যবসায়ের সাথে কাজ কর এবং বিশ্বাস কর যেতোমার স্বপ্নগুলি নির্ধারিতসময়েই পূর্ণ হবে।এগিয়েচল!

তুমিযদিএকজন সফটওয়্যার ডেভেলপার হতে চাও, তাহলে তোমাকে যা অনুসরণ করতে হবে তা হল:

নিজের উপর বিশ্বাস রাখো: আত্মবিশ্বাস রাখোযে তুমি দশম শ্রেণীর পরীক্ষায়প্রয়োজনীয় নম্বর পাবে।তোমারনিজে রদক্ষতার উপর দৃঢ় বিশ্বাস সাফল্যের প্রথম ধাপ।

প্রথম দিন থেকেই মনোযোগী হও: একাদশ শ্রেণীতে পা রাখার সাথে সাথে তোমার পড়াশোনায় সম্পূর্ণ মনোযোগ দাও। শেখার ক্ষেত্রে ধারাবাহিকতা গুরুত্বপূর্ণ।

বিভ্রান্তি দূর কর: অপ্রয়োজনীয় বিনোদন এবং নিরর্থক সময় নষ্ট করা এড়িয়ে চল।বিজ্ঞতার সাথে সময়ব্যয় করএবং প্রতিটি মুহূর্ত নিজের লক্ষ্যের আরও কাছে পৌঁছাতে ব্যবহার করো।

নিজেকে রূপান্তর কর:এমনকি যদি তুমি বিবেচনা করআজ তুমি একজন গড় পড়তা ছাত্র/ছাত্রী, সঠিক পরিকল্পনা, প্রস্তুতি এবং উপস্থাপনার মাধ্যমে তুমি একজন অসাধারণ ছাত্র/ছাত্রী হতে পারো।

শুধুইচ্ছা যথেষ্ট নয়: অনেকেই সাফল্যের স্বপ্ন দেখে, কিন্তু খুব কম লোকই কঠোর পরিশ্রম করতে ইচ্ছুক।তোমার দৃঢ়সংকল্প এবং প্রচেষ্টা তোমাকে স্বতন্ত্র করবে।

একটি শক্তিশালী ভিত্তি তৈরি কর:
একাদশ শ্রেণী তোমার ভবিষ্যতের ভিত্তি তৈরি করবে। তুমি যদি এখনই মনোযোগ সহকারে পড়াশোনা করো, তাহলে দ্বাদশ শ্রেণী অনেক বেশি পরিচালনীয় হবে।

একটি অধ্যয়নের অভ্যাস গড়ে তোলো:
পরীক্ষা আসুক বা না আসুক, প্রতিদিন ৫-৬ ঘন্টা পড়াশোনা করার একটি রুটিন কর। এই অনুশীলনকেঅভ্যাসে পরিণত করলে অধ্যয়নেঅগ্রগতিরপথ প্রশস্ত হবে।

মাস্টার প্রোগ্রামিং ভাষা: প্রতিএকজন সফটওয়্যারডেভেলপার হিসেবে সাফল্য অর্জনেরজন্য,তোমাকে একাধিক প্রোগ্রামিং ভাষায় দক্ষ হতে হবে। এখন থেকে জাভা, সি++,সি,পাইথন এবং আরও অনেক কিছুর অন্বেষণ শুরু কর। এই যাত্রায় তোমার মনকে আগে থেকেই স্থির কর।

যদি তুমি সত্যিই দ্বাদশ শ্রেণীতে কম্পিউটার বিজ্ঞান বিভাগে ভালো নম্বর পেতে চাও, তাহলে তোমাকে মনোযোগীপড়াশোনায় নিজেকে নিবেদিত করতে হবে।তবেই তুমি কম্পিউটার সম্পর্কিত ক্ষেত্রে উচ্চশিক্ষা অর্জন করতে পারবে। তবে, যদি তুমি মনোযোগ দিতে ব্যর্থ হও,যেমনটা তোমার শিক্ষক সতর্ক করেছেন, তাহলে ব্যর্থতা একটি অনিবার্য বাস্তবতা হয়ে উঠতে পারে।

শাইনি, আমিও তোমার মতোই একসময় একজন সাধারণ ছাত্র ছিলাম। কিন্তু যখন আমি যীশুর উপর আস্থা রেখেছিলাম, তখন তিনি আমার সামান্য জ্ঞানকে আশীর্বাদ করেছিলেন। ব্যর্থতার মুখোমুখি হয়েও এবং মাত্র গড় নম্বর পেয়েও, তিনি আমাকে উচ্চে স্থাপন করেছিলেন। সাফল্য দিয়েছিলেন এবং আমার জীবনকে তাঁর অনুগ্রহের সাক্ষ্যে পরিণত করেছিলেন।

দায়ূদছোট রাখাল ছেলে দায়ুদকে সবাই অবহেলা করত এবং ঘৃণা করত।তারা বিশ্বাস করত যে সে কেবল মেষপালক হিসেবেই উপযুক্ত।এমনকি তার বাবা

যীশয় তার ভাইদের সেনাবাহিনীতেপাঠিয়েছিলেন, যখন দায়ূদ মাঠে ছিলেন। কিন্তু যখন পুরো সেনাবাহি নীদাঁড়িয়ে রইল

শক্তিশালী যোদ্ধা গোলিয়াথের সামনে ভয়ে পঙ্গু হয়ে গিয়েছিলেন,দায়ূদ, যিনি যুদ্ধের অভিজ্ঞতাহীন ছিলেন, তিনিইএগিয়ে এসেছিলেন, যুদ্ধ করেছিলেন এবং জয়লাভ করেছিলেন। যাকে তুচ্ছ মনে করা হয়েছিল, ঈশ্বর তাকেই তার ভাইদের সামনে উঁচুতে তুলে ধরেছিলেন।

শাইনি, ঠিক যেমন দায়ূদ প্রভুর উপর আস্থা রেখেছিলেন, আমি তোমাকেও তোমার পড়াশোনার ক্ষেত্রেও একই কাজ করার জন্য উৎসাহিত করছি। ঈশ্বরের হাতই একজন ব্যক্তিকে শক্তি ও সম্মান দান করে (১ বংশাবলি ২৯:১২)। প্রভু প্রতিশ্রুতিদিয়েছেন যে আমরা বিশ্বাসের সাথে প্রার্থনায় যা কিছু চাইব, তা আমরা পাব (মথি ২১:২২)। তাই, অটল বিশ্বাসের সাথে অধ্যবসায়ের সাথে পড়াশোনা করো, এবং প্রভু অবশ্যই তোমার প্রচেষ্টার সাফল্য দেবেন!

ঈশ্বর আকাঙ্ক্ষা করেন পুনরুজ্জীবনের জন্য যা তিনি চান...!

"আমি পৃথিবীতে আগুন জ্বালাতে এসেছি;যদি তা আগেই জ্বলে উঠত তবে কত না ভাল হত!"
(লূক ১২:৪৯)

এই পদটি পড়লে আমরা বুঝতে পারি যে প্রভু এক ঐশ্বরিক জাগরণের কথা বলছেন। পৃথিবীতে তিনি যে আগুন জ্বালাতে চান তা পুনরুজ্জীবনের আগুন ছাড়া আর কিছুই নয়; এমন একটি আগুন যা মানুষের হৃদয়ের মধ্যে জ্বলতে হবে।এটি ছিল খ্রীষ্টের হৃদয়ের মধ্যে জ্বলন্ত আকাঙ্ক্ষা, এমন একটি আকাঙ্ক্ষা যা অবশ্যই এমনকি তাঁর প্রার্থনাকেও রূপ দিয়েছেন।

যীশু খুব ভোরে উঠে প্রার্থনা করতেন (মার্ক ১:৩৫)! সন্ধ্যাবেলায় তিনি প্রার্থনা করার জন্য পাহাড়ে চলে যেতেন (মথি ১৪:২৩)।মাঝে মাঝে, তিনি পুরো রাত পাহাড়ের উপরে প্রার্থনা করে কাটাতেন (লূক ৬:১২)। প্রাচীনকালের সাধুগণ বলেন যে যীশু প্রতিদিন কমপক্ষে চার ঘন্টা একাকী প্রার্থনায় কাটাতেন।

কেবল এটিই নয়- কিন্তু শাস্ত্র আমাদেরএটাওবলে যে যীশু তাঁর শিষ্যদের সাথে একসাথে প্রার্থনা করতেন। এত আন্তরিক, অবিচল প্রার্থনার কারণ কী ছিল?

এটি ছিল তাঁর হৃদয়ের অদম্য তৃষ্ণা: যাতে সেই প্রার্থনার আগুন জ্বলতেথাকেএবং সমগ্র বিশ্বেতা ছড়িয়েপড়ে।পঞ্চাশত্তমীর দিনে, এই ঐশ্বরিক ইচ্ছা পূর্ণ হয়েছিল। উপরের ঘরে সমবেত ১২০ জন বিশ্বাসীর উপর আগুনের শিখা জিহ্বা হিসেবে নেমে এসেছিল। তারা সকলেই পবিত্র আত্মায় পরিপূর্ণ হয়েছিলেন।প্রেরিত ২ অধ্যায়ে, আমরা খ্রীষ্টের সেই আকাঙ্ক্ষার পরিপূর্ণতা প্রত্যক্ষ করি, যার জন্য তিনি আকুল ছিলেন, অবশেষে তা জ্বলতে শুরু করে।আমাদের ভিতরেঅবশ্যই এক তীব্র আকাঙ্ক্ষা এবং জ্বলন্ত তৃষ্ণা বহন করতে হবে যে পুনরুজ্জীবনের আগুন একসময় সেই উপরের ঘরে জ্বলছিল এবং আজ আমাদের ভূমিতে ঢেলে দেওয়া হবে।

এখনও, আমরা আন্তরিক প্রার্থনায় আছি, প্রভুর আগমনের পূর্বে চূড়ান্ত মহান জাগরণের জন্য অপেক্ষা করছি। এটি হবে শেষ সময়ের শক্তিশালী পুনরুজ্জীবন।

প্রেরিত কার্যবিবরণী২অধ্যায়ে, আমরা প্রথম শতাব্দীতে প্রাথমিক গির্জার উপর যে আত্মারবর্ষণ নেমে এসেছিল তার কথা পড়ি। তারপর থেকে, ইতিহাসসাক্ষী ঈশ্বরের এই ধরণের অনেক আন্দোলনের –ওয়েলস, স্কটল্যান্ড, ইংল্যান্ড, কোরিয়া,ইন্দোনেশিয়া এবং অন্যান্য অনেক দেশে। কিন্তু আজ আমরা যার অপেক্ষা করছি তা হল একটি অভূতপূর্ব, বিশ্বব্যাপী, শেষ সময়ের পুনরুজ্জীবন।এবং এই উদ্দেশ্যেই ঈশ্বর আমাদের প্রস্তুত করছেন।

এইপুনর্জাগরণেরপ্রত্যক্ষ করার জন্য আমাদের কী করতে হবে? আমাদের নিজেদের মধ্যে গভীর ক্ষুধা এবং অদম্য তৃষ্ণা জাগিয়ে তুলতে হবে!

পুনর্জাগরণহল প্রতিটি সমস্যারসমাধান।মণ্ডলীগুলি সমৃদ্ধ হবে এবং সংখ্যাবৃদ্ধি পাবে।মণ্ডলীগুলি রূপান্তরিত হবে, ঈশ্বরের রাজ্যে অনেক সন্তানকে বৃদ্ধিপাবে। যখন এই পবিত্র তৃষ্ণা এবং উদ্যমআকাঙ্ক্ষা আমাদের হৃদয়কে পূর্ণ করবে, কেবল তখনই আমরা ঈশ্বরের সেই শক্তিশালী পদক্ষেপ প্রত্যক্ষ করতে সক্ষম হব যার জন্য আমরা এত আকাঙ্ক্ষিত।

যদিও স্কটল্যান্ড এক সময় খ্রিস্টান জাতিতেপূর্ণছিল, তবুও এটি তার আধ্যাত্মিক শিকড় থেকে অনেক দূরে সরে গিয়েছিল।যে-দিকেই তাকানো যায়, মদের দোকান এবং নৃত্য ক্লাবগুলি দেশটিকে দখল করে নিয়েছিল। মানুষ,নেশাগ্রস্ত এবং পার্থিব আনন্দের দ্বারা আচ্ছন্ন হয়ে, এই জায়গাগুলিতে তাদের সময় নষ্ট করত, প্রায় খ্রীষ্টকে ভুলে গিয়েছিল।ফলস্বরূপ,সেই জাতি প্রভুর কাছ থেকে দূরে সরে গিয়েছিল এবং গির্জাগুলি জনশূন্য ও খালি হয়ে গিয়েছিল।এই আধ্যাত্মিক পতন প্রত্যক্ষ করে, জন নক্স বছরের পর বছর ধরে আন্তরিকভাবে প্রার্থনা করেছিলেন, জোরে ক্রন্দনে রসাথে বলেছিলেন,"একটি পুনর্জাগরণ অবশ্যই হবে!"তার অবিরাম প্রার্থনার প্রতিক্রিয়ায়, ঈশ্বর স্কটল্যান্ডের ভূমিতে একটি শক্তিশালী পুনর্জাগরণ প্রেরণ করেছিলেন।যখন পুনর্জাগরণ শুরু হয়, তখন মদের দোকান এবং নৃত্যকলা তাদের দরজা বন্ধ করে দেয় এবং গির্জাগুলিতে আবার ভিড়হতে শুরু করে।দেশজুড়ে এক গভীর আধ্যাত্মিক রূপান্তর ঘটে। ইতিহাস লিপিবদ্ধ করে যে এই পুনর্জাগরণএকশ বছরেরও বেশিসময় ধরে স্কটল্যান্ডের উপর এক শক্তিশালী প্রভাব ফেলেছিল।

একইভাবে, ওয়েল্স-একমনোমুগ্ধকরপাহাড়েঘেরাএবং শান্ত হ্রদের দেশ, যদিও এর ভূদৃশ্য সুন্দর, পাপের জোয়ারেআবদ্ধ হয়ে পড়েছিল।ইভানরবার্টস, একজন যুবক, তার জাতির জন্য গভীর বোঝায় দগ্ধ হয়ে হৃদয় থেকে চিৎকার করে বলতে থাকেন,"আমার দেশকে রূপান্তরিত করতে হবে!" পুনর্জাগর-ণের অদম্য তৃষ্ণা নিয়ে, তিনি দীর্ঘ এগারো বছর ধরে আন্তরি-কভাবে প্রার্থনা করেছিলেন।

অবশেষে, ১৯০৪সালে,পুনর্জাগরণের আগুন জ্বলে ওঠে।ফ-লস্বরূপ,মদের দোকানগুলি তাদের দরজা বন্ধ করে দেয় এবং লোকেরা রাস্তায় তাদের মদের বোতল ভেঙে ফেলে।অনুতা-পের এক প্রবল ঢেউ বয়েযায়সারা দেশে।

ইভানরবার্টস যেখানেই যেতেন, মানুষ তাদের পাপের জন্য কাঁদত এবং প্রভুর দিকে ফিরে পরিত্রাণ খুঁজে পেত। গির্জাগুলি পূর্ণ হতে শুরু করে, এবং একটি উল্লেখযোগ্য আধ্যাত্মিক জাগরণ ভূমিকে আঁকড়ে ধরে, যা সমাজে এক অসাধারণ জাগরণআনে। মাত্র দুই বছরের মধ্যে,ওয়েলসের জাতি সম্পূর্ণ রূপে পরিবর্তিত হয়েছিল।

সেই পুনর্জাগরণ সমগ্র ইউরোপ মহাদেশে ছড়িয়েপড়ে এবং ১৯০৬ সালে আমেরিকায় শুরু হওয়া পেন্টেকস্টাল পুনর্জাগ-রণেরবীজ বপন করে।ঈশ্বরের এই শক্তিশালী পদক্ষেপের সাক্ষী হয়ে,উইলিয়ামসেমুর নামে একজন ঈশ্বরের সন্তান আমেরিকার আজুসাস্ট্রিটে বাক্য ঘোষণা করেন এবং পবিত্র আত্মার বর্ষণ এক শক্তিশালী জাগরণের সূত্রপাত করে। সেখানে যা শুরু হয়েছিল তা পেন্টেকস্টাল পুনর্জাগরণ নামে পরিচিত হয়। সেখান থেকে, পেন্টেকস্টাল গির্জাগুলি জন্মগ্রহণ করে যা এখন বিশ্বজুড়েছড়িয়েপড়েছে।

পুনর্জাগরণ হল পরিবর্তনকরারএকটি জাতি, একটি শহর বা একটি জনগণের পুনর্জাগরণ। এই ধরনের রূপান্তর কেবল পবিত্র আত্মার দ্বারাই সম্ভব। পুনর্জাগরণ হল যখন পবিত্র আত্মা ঢেলে দেওয়াহয়তখন অসংখ্য মানুষ উদ্ধার পায়।আম-রা যদি সত্যিই আমাদের দেশে এই ধরনের পুনর্জাগরণ দেখতে চাই, তাহলে প্রথমে আমাদের জাতির আত্মার জন্য একটি তীব্র বোঝা বহন করতে হবে।প্রার্থনায় আমাদের হাঁটু গেড়ে ক্লান্ত হতে হবে এবং আমাদের মূল্য দিতে ইচ্ছুক হতে হবে।তবেই আমরা পুনর্জাগরণ প্রত্যক্ষ করব।

প্রিয় তরুণরা, এই পুনর্জাগরণ কেবল উচ্চস্বরে গান, তীব্র হাততালি, অথবা আবেগ ঘন চিৎকার নয় তা স্পষ্টভাবে বুঝতে হবে। তোমার হৃদয় কি পুনর্জাগরণেরজন্য একটি প্রকৃত বোঝা বহন করছে? তোমার কি এটি ঘটতে দেখার জন্য একটি গভীর আকাঙ্ক্ষা, একটি নিবেদিতপ্রাণ প্রতিশ্রুতি আছে? গুরুত্ব সহকারে চিন্তা করো? আজ, তুমি কি নিজেকে সমর্পণ করবে এবং ঘোষণা করবে,"আমি আন্তরিকভাবে প্রার্থনা করার জন্য এবং পুনর্জাগরণেরমূল্য পরিশোধ করার জন্য নিজেকে প্রতিশ্রুতি বদ্ধকরছি?" যদি তুমি তা করো, তাহলে কোন সন্দেহ নেই যে প্রভু তোমাকে উঁচু করবেন - ঠিক যেমন তিনি জন নক্স,ইভানরবার্টস এবং উইলিয়াম সেই মোরকে তোমার জাতির মধ্যে একটি শক্তিশালী পুনর্জাগরণের নির্দেশ দেওয়ার জন্য ব্যবহার করেছিলেন!

অক্লান্তভাবেদৌড়ান

শেষ সময় যখন আসতে চলেছে এবং শত্রু তার প্রচেষ্টা তীব্র করছে, জেনেও যে তার সময় কম, আমাদের অলস থাকা উচিত নয়। পরিবর্তে, আমাদের অক্লান্তভাবে দৌড়াতে হবে, ঈশ্বরেররাজ্যের সুসমাচার ঘোষণা করতে হবে এবং যীশুর আগমনের জন্য মানুষকে প্রস্তুত করতে হবে।সুসমাচার মানবতাকে সত্যিকারের মানুষ হিসেবে বাঁচতে সক্ষম করে, হতাশায় হারিয়ে যাওয়াদের আশা প্রদান করে। কিন্তু কে এই আশার বার্তা বহন করবে? আজও, ঈশ্বরের হৃদয় আকুল হয়ে ওঠে যখন তিনি জিজ্ঞাসা করেন,"আমি কাকে পাঠাব? আর কে আমাদের জন্য যাবে?"(যিশাইয় ৬:৮)।

যখন সিরিয়ার সেনাবাহিনী সামারিয়া অবরোধ করে, তখন দুর্ভিক্ষ ও অনাহার দেশটিকে ধ্বংস করে দেয়।দুর্ভিক্ষ ইস্রায়েলী-য়দেরকে তাদের নিজস্ব সন্তানদের হত্যা এবং খাওয়ার ভয়াবহ পর্যায়ে নিয়েযায়।অসহায়ত্ব ও হতাশা জনগণকে গ্রাস করে, এমনকি ইস্রায়েলের রাজাও তার জাতির দুর্দশার সামনে শক্তিহীন হয়েপড়েন।এইরকম হতাশাজনক পরিস্থিতির মধ্যে,চার-জন কুষ্ঠরোগী শহরের দরজায় বসে ছিলেন,তাদের ভাগ্য নিয়ে প্রশ্ন ওঠে: "আমরা কেন মৃত্যুর আগে পর্যন্ত এখানে বসে





থাকব?" (২ রাজাবলি ৭:৩)। সাহসের সাথে, তারা সিরিয়ার শিবিরের দিকে যাত্রা করেছিল - কিন্তু তারা দেখতে পেয়েছিল যে প্রভু অলৌকিকভাবে শক্তিশালী সিরিয়ারসে-নাবাহিনীকে পালিয়ে যেতে বাধ্য করেছেন, এবং সরঞ্জামে ভরা একটি পরিত্যক্ত শিবির রেখে গেছিল।

তৃপ্তি সহকারে খাওয়া-দাওয়া করার পর, এই চারজন কুষ্ঠরোগী তাদের দায়িত্ব বুঝতে পেরেছিল। তারা একে অপরকে বলেছিল,"আমরা যা করছি তা ঠিক নয়। এটি সুসংবাদের দিন, এবং আমরা এটি নিজেদের মধ্যেই রাখছি।যদি আমরা দিনের আলো পর্যন্ত অপেক্ষা করি, তাহলে শাস্তি আমাদের উপর আসবে" (২ রাজাবলি ৭:৯)। দেরি না করে, তারা শহরে ফিরে গেল, রাজা এবং প্রজাদের কাছে মুক্তির সংবাদ নিয়ে এল,সামেরিয়াকে আসন্ন ধ্বংস থেকে উদ্ধার করল।যদিও শারীরিকভাবে দুর্বল এবং সমাজ কর্তৃক বহিষ্কৃত, তারা আশার বার্তা পৌঁছে দেওয়ার জন্য প্রতিটি বাধা অতিক্রম করে সুসংবাদ ভাগ করে নিতে দ্বিধা করেনি।

সর্বশ্রেষ্ঠ সংবাদ -যীশু খ্রীষ্ট - থাকা সত্ত্বেও আমাদের অনেকেই দ্বিধাগ্রস্ত হই, অজুহাত দেখাই:"আমি কথা বলতে জানি না," "আমার জ্ঞানের অভাব আছে, অথবা "কেউ আমার কথা শুনবে না।" আমরা কি এই অনিচ্ছা অব্যাহত রাখব, নাকি মানুষকে যীশুর কাছে নিয়ে আসার জন্য তৎপরতার সাথে উঠে দাঁড়াব? আজই আমাদের সিদ্ধান্ত নিতে হবে!

এই মে মাসে, খেলার মাঠ বা সামাজিক যোগাযোগ মাধ্যমে সময় নষ্ট করার পরিবর্তে,এবংগ্রীষ্ম-কালীনছুটিতেপাহাড়ীস্টেশনগুলি-তে অবসর ভ্রমণের পরিবর্তে, আসুন আমরা যেখানেই থাকি না কেন লোকেদের খুঁজে বের করি এবং খ্রিস্টের প্রেমকে জানাতে পরিশ্রম করি।ধর্মপ্রচারকে একটি বাধ্যবাধকতা হিসাবে বিবেচনা করবেন না - এটিকে ভালোবাসার সাথে সম্পন্ন করুন, এবং প্রভু আপনার প্রচেষ্টাকে পুরস্কৃত করবেন।

প্রেরিত থোমা এবং ঈশ্বরের প্রেরিত মিশনারিরা আমাদের এবং আমাদের জাতির প্রতি গভীর ভালোবাসা থেকে অক্লান্ত পরিশ্রম করেছিলেন, খ্রীষ্টের জন্য এক বিরাট ফসল কেটেছিলেন। ১৮২০ থেকে ১৮৩৫ সালের মধ্যে,মিশনারিরেভারেন্ডসি.টি.ই.রেনিয়াস তিরুনেলভেলি জেলার জনসাধারণকে পরিত্রাণের দিকে নিয়ে যাওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। অটল নিষ্ঠার সাথে, তিনি ১৫ বছর ধরে ৩৭০টিরও বেশি গির্জা এবং ১০৭টি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করে খ্রিষ্টেরসুসমাচারউৎসাহের সাথে প্রচার করেছিলেন।

প্রচারের বাইরেও, তিনি লন্ডন থেকে আমদানি করা ছাপানো ট্র্যাকস বিতরণ করেছিলেন, হাজার হাজার মানুষের কাছে খ্রিস্টীয় শিক্ষা ছড়িয়ে দিতে এবং সাধারণ মানুষের মধ্যে সাক্ষরতা বৃদ্ধির জন্য বিতরণ করেছিলেন। তাঁর পরিচর্যার প্রভাব ১৮২৫ সালেএতটাইগভীর ছিল, যে৩,০০০ এরও বেশি মানুষ খ্রিস্টকে গ্রহণ করেছিলেন। দিনরাত ধর্মপ্রচারের প্রতি তাঁর নিরলস নিষ্ঠা তাকে স্থায়ী তিরুনেল ভেলির প্রেরিত উপাধিতে ভূষিত করেছিল।

প্রিয় তরুণ বিশ্বাসীরা,সময়ক্ষণস্থায়ী-এটিকে কাজে লাগাতে শিখুন! প্রতিদিন কমপক্ষে একজন ব্যক্তির সাথে খ্রীষ্টকে ভাগ করে নেওয়াকে আপনার লক্ষ্য করুন। একা হোক বা দলের সাথে,আকাঙ্ক্ষীতহৃদয়কেখুঁজে বের করুন, আশার কথা বলুন এবং তাদের খ্রীষ্টের কাছে নিয়ে যান। বিশ্রাম ছাড়াই দৌড়ান- যতক্ষণ না প্রতিটি আত্মা ঈশ্বরের রাজ্যের জন্য জয়ী হয়!

আবাস তাম্বু

সাক্ষ্য-সিন্দুক

প্রতি মাসে, আমরা আবাসতাম্বুর বিভিন্ন দিক অন্বেষণ করি। এই মাসে, আসুন আমরা সাক্ষ্য- সিন্দুকটি গভীর ভাবেঅ ধ্যয়ন করি, যা মহাপবিত্র স্থানে স্থাপন করা হয়েছিল।

ঈশ্বর মোশিকে কেবল প্রথম সাক্ষ্য- সিন্দুকের নকশা দিয়েছিলেন(যাত্রাপুস্তক ২৫)। বাবলা কাঠের তৈরি এবং সোনা দিয়ে মোড়ানো, এই পবিত্র সিন্দুকটি ছিল প্রথম জিনিস যা তাঁবুতে স্থাপন করা হয়েছিল, যা অতি পবিত্র স্থানে অবস্থিত ছিল। এখানেই ঈশ্বর মোশির সাথে দেখা করেছিলেন এবং তার সাথে কথা বলেছিলেন (যাত্রাপুস্তক ২৫:২২)।

